

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩২৬৩

পর্ব-১৩: বিবাহ (১৫১)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - স্ত্রীদের সাথে সদ্যবহার এবং তাদের প্রত্যেকের (স্বামী-স্ত্রীর) পারস্পরিক হক ও অধিকার সংক্রান্ত

আরবী

وَعَن عَائِشَة رَضِي الله عَنهُ قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إِنَّ مِنْ أَكْمَل الْمُؤْمِنِينَ إِيمَانًا أَحْسَنُهُمْ خُلُقًا وألطفهم بأَهْله» . رَوَاهُ التِّرْمِذِيّ

বাংলা

৩২৬৩-[২৬] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ সচ্চরিত্রের অধিকারী ও পরিবার-পরিজনের সাথে সদ্যবহারকারী প্রকৃত মু'মিনগণের অন্তর্ভুক্ত। (তিরমিযী)[1]

ফুটনোট

[1] য'ঈফ: তিরমিয়ী ২৬১২, আহমাদ ২৪২০৪, য'ঈফ আল জামি' ১৯৯০, য'ঈফ আত্ তারগীব ১২১০, মুসতাদরাক লিল হাকিম ১৭২। কারণ এর সনদের রাবী আবূ কিলাবাহ্ 'আয়িশাহ (রাঃ)-কে পাননি। ফলে সানাদটি মুনক্রতি'।

ব্যাখ্যা

ব্যাখ্যা : একজন মানুষকে পূর্ণ মু'মিন হতে হলে তাকে অবশ্যই উত্তম চরিত্রের অধিকারী হতে হবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্য থেকে ঐ ব্যক্তি আমার কাছে অধিক প্রিয় যার চরিত্র অধিক ভালো।

নাওয়াস ইবনু সাম্'আন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে নেকী এবং গুনাহের ব্যাপারে প্রশ্ন করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তরে বলেন, নেকী বা সাওয়াব হলো উত্তম চরিত্র...।

অন্য হাদীসে এসেছে, কিয়ামতের দিন উত্তম চরিত্র হবে সবচেয়ে ওযনদার 'আমল। এজন্যই অত্র হাদীসে বলা হয়েছে, পরিপূর্ণ মু'মিন হলো ঐ ব্যক্তি যে সর্বোত্তম চরিত্রের অধিকারী।

মু'মিনের আরেকটি গুণ হলো সে হবে সহানুভূতিশীল, দয়ার্দ্র, কোমল ও বিনয়ী। বিশেষ করে তার পরিবার



পরিজনের প্রতি অনুগ্রহশীল ও বিনয়ী হবে। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর পরিবারের প্রতি ছিলেন অধিক সহানুভূতিশীল। আল্লাহ বলেনঃ "তোমাদের জন্য আল্লাহর রসূলের মধ্যে রয়েছে উত্তম আদর্শের নমুনা"-(সূরা আল আহ্যাব ৩৩ : ২১)। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন